



মোঃ নবীরুল ইসলাম
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

জনাব মোঃ নবীরুল ইসলাম ১১ মার্চ ২০২৪ তারিখে সচিব হিসেবে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে যোগদান করেন। এ মন্ত্রণালয়ে যোগদান করার পূর্বে তিনি অতিরিক্ত সচিব হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেছেন। তিনি ১৯৬৫ সালে ৩১ ডিসেম্বর যশোর জেলার নরেন্দ্রপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মোঃ নওশের আলী বিশ্বাস এবং মাতা আছিয়া খাতুন। তিনি নরেন্দ্রপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ও নরেন্দ্রপুর নিম্নমাধ্যমিক বিদ্যালয় পড়ালেখা শেষে ১৯৮০ সালে রূপদিয়া ওয়েলফেয়ার একাডেমি থেকে প্রথম বিভাগে এসএসসি পাশ করেন এবং যশোর সিটি কলেজ থেকে যশোর বোর্ডের কৃষিবিজ্ঞান বিভাগের মেধা তালিকায় ৪র্থ স্থান অর্জন করে এইচএসসি পাশ করেন। পরবর্তীতে তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে প্রথম শ্রেণিতে বিএসসি (এজি) ইন এগ্রিকালচার এবং কৃষিতত্ত্ব বিভাগ থেকে প্রথম শ্রেণিতে এমএসসি (এজি) ইন এগ্রোনমি ডিগ্রি অর্জন করেন। চাকুরীকালে ব্র্যাক বিশ্ববিদ্যালয়, মহাখালী, ঢাকা থেকে প্রথম শ্রেণিতে এমএ ইন গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট ডিগ্রি অর্জন করেন।

জনাব মোঃ নবীরুল ইসলাম দিনাজপুর হাজী দানেশ কৃষি কলেজ, দিনাজপুর-এর কৃষিতত্ত্ব বিভাগের প্রভাষক হিসেবে কর্মজীবন শুরু করেন। অতঃপর বিসিএস (প্রশাসন)-এর ত্রয়োদশ ব্যাচের কর্মকর্তা হিসেবে ১৯৯৪ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি বরিশাল বিভাগীয় কমিশনারের কার্যালয়ে সহকারী কমিশনার হিসেবে যোগদান করেন। অতঃপর সহকারী কমিশনার হিসেবে পটুয়াখালী ও কুষ্টিয়া জেলায় দায়িত্ব পালন করেন। সহকারী কমিশনার (ভূমি) হিসেবে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা এবং কুষ্টিয়ার মিরপুর উপজেলায় দায়িত্ব পালন করেন। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (সিনিয়র সহকারী কমিশনার) হিসেবে জেলা প্রশাসকের কার্যালয় কুষ্টিয়ায় দায়িত্ব পালন করেন। তিনি প্রায় ১৪ বছর সুনামের সাথে বিচারিক ম্যাজিস্ট্রেট হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার হিসেবে মেহেরপুর সদর উপজেলায় কর্মরত ছিলেন। সিনিয়র সহকারী সচিব হিসেবে সমাজকল্যাণ মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন। উপসচিব হিসেবে পদোন্নতির পর তিনি বাংলাদেশ জাতীয় সংসদের হইপের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রকল্প পরিচালক, কপিরাইট অফিসের রেজিস্ট্রার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সচিব, বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিস লি. এর জেনারেল ম্যানেজার এবং যুগ্মসচিব হিসেবে পদোন্নতির পর বাংলাদেশ এক্সপোর্ট প্রসেসিং জোন অথরিটি (বেপজা)-এর সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব মোঃ নবীরুল ইসলাম কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগে যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন এবং স্বাস্থ্য সেবা বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব হিসেবে সরকারের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ নবীরুল ইসলাম কর্মজীবনে প্রতিটি ক্ষেত্রে নতুন কিছু করার চেষ্টা করেছেন। তিনি মেহেরপুর সদর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে দায়িত্ব পালনকালে স্থানীয় জনসাধারণকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে বাল্য বিবাহ রোধ, পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন প্রভৃতি বিষয়ে ব্যাপক সামাজিক আন্দোলন গড়ে তোলেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রকল্প পরিচালক থাকাকালীন যুব উন্নয়ন অধিদপ্তরের ব্যাপক সংস্কার করেন। কপিরাইট রেজিস্ট্রার হিসেবে দায়িত্ব পালনকালে কর্মের কপিরাইট স্বত্ব গ্রহণের বিষয়কে জনপ্রিয় করে তোলেন এবং স্বল্পতম সময়ের মধ্যে কপিরাইট মামলা নিষ্পত্তি নিশ্চিত করেন। বেপজায় কর্মকালীন তিনি যশোর, পটুয়াখালী ও গাইবান্ধা জেলায় একটি করে ইপিজেড প্রতিষ্ঠায় বিশেষভাবে অবদান রাখেন। জনাব মোঃ নবীরুল ইসলাম একজন সৃজনশীল কবি, লেখক ও কৃষি গবেষক। তিনি এখন পর্যন্ত ৩০টি কাব্যগ্রন্থ ও বিভিন্ন বৈজ্ঞানিক জার্নালে ১০টি কৃষি গবেষণা প্রকাশ করেছেন।

তিনি দেশে-বিদেশে অনেক প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ গ্রহণ করেন। তন্মধ্যে ল এন্ড এডমিনিস্ট্রেশন, সার্ভে এন্ড সেটেলমেন্ট, ল্যান্ড ম্যানেজমেন্ট, উপজেলা ম্যানেজমেন্ট এন্ড ডেভেলপমেন্ট, এনভাইরোনমেন্টাল ইমপ্যাক্ট এসেসমেন্ট অব ডেভেলপমেন্ট প্রজেক্টস প্রভৃতি বিষয়ে দেশে প্রশিক্ষণ গ্রহণ করেন। এছাড়া সংযুক্ত আরব আমিরাতে ব্যালেন্সল স্কোরকার্ড প্রফেশনাল, অস্ট্রেলিয়াতে প্রফেশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম, থাইল্যান্ডে স্টাডি ভিজিট এন্ড ট্রেনিং অন এডভান্স ম্যানেজমেন্ট স্কিলস বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন।

জনাব মোঃ নবীরুল ইসলাম-এঁর সহধর্মিনী আমেনা বেগম বর্তমানে অতিরিক্ত সচিব হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে কর্মরত আছেন। তিনি একজন কন্যা এবং একজন পুত্রের জনক। কন্যা আনিকা প্রিয়দর্শিনী মৃত্তিকা ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রভাষক হিসেবে কর্মরত এবং পুত্র আকাশ আব্দুল্লাহ সিদ্ধার্থ গাজীপুরের আইইউটি-তে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিষয়ে অধ্যয়নরত।